# U.G. 1st Semester Examination - 2021

## BENGALI

### Course Code : BBNGGEHT5

### Course Title : প্রাক্-আধুনিক বাংলা সাহিত্যের নির্বাচিত পাঠ

পূর্ণমান : ৪০ সময় : ২ ঘন্টা

যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দাও।

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ১০×১=১০

ক) ‘শুন ভাই বুলান মন্ডল’ — কথাটি কে বলেছে?

খ) ‘শিশু কান্দে ওদনের তরে’ — ‘ওদন’ শব্দটির অর্থ কী?

গ) ‘তুমি যেমন করে কাঁদাইলা কিষ্কিন্ধ্যা নগরী
তোমারে কাঁদাইয়া সীতা যাইবে পাতালপুরী।।’
— ‘তুমি’ কে?

ঘ) ‘লহু লহু হাসে বন্ধু পিরীতের সার’ — এখানে ‘লহু’ শব্দের অর্থ কী?

ঙ) ‘আজু রজনী হাম ভাগে পোহায়লুঁ’ — এটি কোন্ পর্যায়ের পদ? ‘পোহায়লুঁ’-এর অর্থ লেখো।

চ) ‘উজ্জ্বলনীলমণি’ গ্রন্থটি কার রচনা?

ছ) খর ও দূষণ কে ছিল?

[পরের পাতায়]

জ) ‘বেরোও গণেশ-মাতা ডাকে বার বার’ — কে বারংবার এই ডাক দিয়েছে?

ঝ) ‘প্রথমে পাঁজুরি প’লো’ — ‘পাঁজুরি’ শব্দের অর্থ কী?

ঞ) মুরারী শীল কে ছিলেন?

ট) ‘পিপীলিকার পাখা ওঠে মরিবার তরে’ — কে কাকে এই কথাটি বলেছে?

ঠ) কবি মুকুন্দের চণ্ডীমঙ্গল কাব্যের কয়টি খণ্ড এবং কী কী?

ড) ‘সুমেরু পর্বত আর স্বর্গ কৈলাস
তোমার সনে বেড়াইব করিয়া বিলাস’
— এই ইচ্ছাটি কার?

ঢ) ‘দ্বিতীয় বিদ্যাপতি’ কাকে বলা হয়?

ণ) ‘গিরি গৌরী আমার এসেছিল’ — পদটি কোন্ পর্যায়ের পদ?

২। যে-কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

ক) বৈষ্ণব রস শাস্ত্র অনুযায়ী পঞ্চরসের নাম উল্লেখ করো।

খ) ভাঁড়ু দত্তের পিতা ও পিতামহের নাম লেখো।

গ) ‘বর দিলা সীতা মোরে লক্ষ্মী মূর্তিমতী’ — সীতা কাকে কী বর দিয়েছিল?

ঘ) ‘ওহে প্রাণনাথ গিরিবর হে
ভয়ে তনু কাঁপিছে আমার’ — কে কেন এই কথা বলেছে?

ঙ) চৌতিশা স্তব কাকে বলে?

চ) ‘প্রভাতে চকোরী যেমন নিরাশা সুধার’— চরণটির তাৎপর্য লেখো।

ছ) ভণিতা কাকে বলে? তোমাদের পাঠ্য পদগুলি থেকে একটি ভণিতা অংশ উদ্ধৃত করো।

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

ক) কবি মুকুন্দ রচিত চণ্ডীমঙ্গল কাব্যের গ্রন্থ উৎপত্তির কারণ অংশটির গুরুত্ব আলোচনা করো।

খ) তোমাদের পাঠ্য অভিসার পর্যায়ের পদটিতে অভিসারের বাধাগুলি যেভাবে বর্ণিত হয়েছে তা নিজের ভাষায় লেখো।

গ) কৃত্তিবাসের রামায়ণ অনুসরণে রাবণের সীতা-হরণ বৃত্তান্ত সংক্ষেপে বর্ণনা করো।

৪। যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ১×১০=১০

ক) গৌরাঙ্গ বিষয়ক পদ কাকে বলে? তোমাদের পাঠ্য গৌরাঙ্গ বিষয়ক পদটির কাব্য সৌন্দর্য আলোচনা করো।

খ) তোমাদের পাঠ্য চণ্ডীমঙ্গল অবলম্বনে তৎকালীন সমাজজীবনের চিত্রটি পরিস্ফুট করো।

গ) শাক্ত পদাবলীতে পারিবারিক জীবনের যে বিবরণ রয়েছে তা পাঠ্য পদগুলি অবলম্বনে আলোচনা করো।

———————